


**নিয়োগ বিজ্ঞপ্তি**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় ভাঙ্গা উপজেলাধীন নাসিরাবাদ ইউনিয়নের অন্তর্ভুক্ত আব্দুল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয় ক্লাবে 'আবৃত্তি শিক্ষকের' ০১(এক) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পের মেয়াদ কালীন সময়ের জন্য উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা ও শর্তাবলীর আলোকে দৈনিক ভিত্তিতে নিয়োগের লক্ষে যোগ্য ও আগ্রহী ভাঙ্গা উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/দৈনিক ভাতার পরিমাণ	শূন্য পদের সংখ্যা	যোগ্যতা
১	২	৩	৪
০১	'আবৃত্তি শিক্ষক' দৈনিক ভিত্তিক ৫০০/- (পাঁচশত মাত্র) টাকা (সপ্তাহে এক দিন)	০১(এক) টি	এসএসসি পাস এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসাবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

**শর্তাবলীঃ**

- ০১। প্রার্থীকে আগামী ০৩/০৮/২০২৩খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুরের বরাবরে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র ডাকযোগে/সরাসরি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুরে দাখিল করতে হবে।
- ০২। আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে, তবে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৩। সরকার নির্ধারিত বিশেষ কোটায় (শেহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/ মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি, উপজাতি, আনসার ও আনসার ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে এ কোটায় চাকুরীর বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা পালন করা হবে।
- ০৪। আগামী ০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
- ০৫। আবেদনের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ জেলা, উপজেলা ও ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র, অনলাইনের নাগরিকত্ব সনদপত্র জমা দিতে হবে। সকল সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।
- ১০। চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। পরিক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
আজিম উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা পর্যায়ে 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্পে  
জনবল নিয়োগের প্যানেল প্রস্তুত কমিটি  
ভাঙ্গা, ফরিদপুর।

**বিতরণঃ**

- ১। উপজেলাধীন সকল অফিসের নোটিশ বোর্ড।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ওয়েব পোর্টাল।

**অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে)**

- ১। প্রকল্প পরিচালক(অতিঃ সচিব) 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
- ৫। উপজেলা ..... অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
- ৬। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
- ৭। অফিস নথি।